

নং-০৫.৪৩.৮১০০.০০৫.০৫.০০১.২৪-০৭

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রার্থীদের হলফনামা দাখিল ও হলফনামার তথ্যসমূহ বাছাই সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (৩য় পর্যায়) উপলক্ষ্যে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক ১৫ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২৪-১৭৬ নং স্মারকে জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রার্থীর মনোনয়ন পত্রের সাথে হলফনামা, নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী, আয়কর রিটার্ন এবং কর পরিশোধের প্রমাণপত্রের কপি অনলাইনে মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে।

উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ উপবিধি ৩ এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বীতা করতে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে তার মনোনয়নপত্র যথাক্রমে ফরম 'ক', 'ক-১', 'ক-২' এর সাথে নির্ধারিত ফরমে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্রের সাথে নিম্নবর্ণিত ০৭ (সাত) টি তথ্য সম্বলিত হলফনামা দাখিল করতে হবে:

- (১) প্রার্থী কর্তৃক অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি;
- (২) বর্তমানে প্রার্থী কোন ফৌজদারী মামলায় অভিযুক্ত আছেন কিনা;
- (৩) অতীতে প্রার্থীর বিরুদ্ধে দায়েরকৃত কোন ফৌজদারী মামলার রেকর্ড আছে কিনা, থাকলে তার রায় কি ছিল;
- (৪) প্রার্থীর ব্যবসা বা পেশার বিবরণী;
- (৫) প্রার্থীর আয়ের উৎস বা উৎসসমূহ;
- (৬) প্রার্থীর নিজের ও অন্যান্য নির্ভরশীলদের সম্পদ ও দায়ের বিবরণী; এবং
- (৭) কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে প্রার্থী কর্তৃক একক বা যৌথভাবে বা তার উপর নির্ভরশীল সদস্য কর্তৃক গৃহীত ঋণের পরিমাণ অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হওয়ার সুবাদে ঐ সব প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের পরিমাণ।

উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপবিধি (৩) এর দফা (ঙ) অনুসারে কোন প্রার্থী মনোনয়নপত্রের সাথে বিধি ১৫ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) এর অধীন হলফনামা দাখিল না করলে বা দাখিলকৃত হলফনামায় অসত্য তথ্য প্রদান করা হলে বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বা হলফনামায় উল্লিখিত কোন তথ্যের সমর্থনে যথাযথ সার্টিফিকেট, দলিল ইত্যাদি দাখিল না করলে রিটার্নিং অফিসার স্বীয় উদ্যোগে অথবা বিধিমালায় উল্লিখিত কোন ব্যক্তি কর্তৃক উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে তদন্ত পরিচালনা করে মনোনয়নপত্র বাতিল করতে পারবেন। এতদ্ব্যতীত হলফনামায় প্রদত্ত কোন তথ্য মিথ্যা বা ভুল প্রমাণিত হলে প্রচলিত আইন অনুযায়ী তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র যাচাই বাছাইয়ের নির্ধারিত দিনে প্রার্থী কর্তৃক অনলাইনে মনোনয়নপত্রের সাথে দাখিলকৃত হলফনামার মূলকপিসহ দুই সেট ফটোকপি মনোনয়নপত্র যাচাই বাছাইয়ের স্থানে জমা প্রদান করবেন। বিশেষ ভাবে উল্লেখ্য যে, হলফনামায় উল্লিখিত কোন তথ্য পরিবর্তন বা সংশোধন করা যাবে না।



সরকার অসীম কুমার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী

ও
রিটার্নিং অফিসার


ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন
ফোন নং-০২৫৮৮৮-৫৫৯৯০ (অফিস)
ইমেইল: adcrrajshahi@mopa.gov.bd

নং-০৫.৪৩.৮১০০.০০৩.০৫.০০১.২৪-০৭(২৭)

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. জেলা প্রশাসক, রাজশাহী
৬. পুলিশ সুপার, রাজশাহী
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৯. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১২. উপজেলা নির্বাহী অফিসার, পবা/মোহনপুর, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. উপজেলা নির্বাচন অফিসার, পবা/মোহনপুর, রাজশাহী
১৫. অফিসার ইনচার্জ, থানা, রাজশাহী



অতিরিক্ত জেলা প্রশাসক (রাজশ্ব), রাজশাহী

ও

রিটার্নিং অফিসার

ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন